

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বস্তু ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.১৭-৭১৭(৭)

তারিখ : ১৯.০৯.২০১৭

বিষয় : ওএমএস খাতে চাল বিক্রয় কার্যক্রম উপজেলা পর্যায়ে সম্প্রসারণ।

সূত্র : খাদ্য অধিদপ্তরের ১৪.০৯.১৭ তারিখের স্মারক নং-৭১১(৯) নং স্মারক।

খাদ্যশস্যের বাজার মূল্যের উর্ধ্বগতির প্রবনতা রোধ, নিম্ন আয়ের জনগোষ্ঠীকে মূল্য সহায়তা দেয়া এবং বাজার দর স্থিতিশীল রাখার লক্ষ্যে গত ১৭.০৯.২০১৭ থেকে আগামী ১৫.১০.২০১৭ তারিখ পর্যন্ত সারাদেশে ৬৪ টি জেলায় ৬২৭টি কেন্দ্রে ওএমএস কার্যক্রম শুরু করা হয়েছে। আগামী ২০.০৯.২০১৭ তারিখ হতে এ কার্যক্রম উপজেলা পর্যায়ে সম্প্রসারণের সিদ্ধান্ত হয়েছে।

সারাদেশে ৪৯১ টি উপজেলার মধ্যে জেলার সদর উপজেলা এবং নেত্রকোণা, কিশোরগঞ্জ ও সুনামগঞ্জ জেলার যে সকল উপজেলায় পূর্ব থেকে ওএমএস চলছে, সে সকল উপজেলা ব্যতিত অবশিষ্ট ৪০৮টি উপজেলার প্রতি উপজেলায় ৩টি করে মোট ১২২৪টি কেন্দ্রে এবং উপজেলা সদর বর্হিভূত ২৫ টি পৌরসভার প্রতি পৌরসভায় ৩টি করে মোট ৭৫টি কেন্দ্রে প্রতিদিন প্রতিকেন্দ্রে দৈনিক ১ মেঃটন করে মোট ১,২৯৯ মেঃ টন এবং মাসে (২৬ দিন) ৩৩,৭৭৪ মেঃ টন চাল বিক্রি করা যাবে।

প্রতিকেজি চালের এক্স-গুদাম মূল্য ২৮.৫০ টাকা এবং ভোক্তা পর্যায়ে বিক্রয় মূল্য ৩০.০০ টাকা।

ইতোপূর্বের নির্দেশনা বাতিল করে সপ্তাহে শনিবারের পরিবর্তে শুক্রবার বিক্রয় বন্ধ রাখতে হবে এবং ওএমএস নীতিমালা, ২০১৫ অনুসরণ করে নিবিড় তদারকির মাধ্যমে ওএমএস কার্যক্রম পরিচালনা করতে হবে

স্বাক্ষরিত/-

(মোঃ বদরুল হাসান)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

প্রাপক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট।

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.১৭-৭১৭/৭(২)

তারিখ : ১৯.০৯.২০১৭

অনুলিপি :

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; সদয় অনুমোদনের জন্য।

২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা; পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য।

মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১৩.০৯.১৭